

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.২৫.৩৯.২০১৭.-২০১৮-৬)

তারিখঃ ২২/০৯/২০১৭ খ্রি.

বিষয়ঃ অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (এনডিডি) বিষয়ক মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে অগ্রহী কর্মকর্তাদের দরখাস্ত আহ্বান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ প্রকল্পের আওতায় অটিজম এন্ড নিউরোডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ বিষয়ক মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ কোর্স আগামী অক্টোবর/২০১৭ এর প্রথম সপ্তাহ থেকে শুরু হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে অগ্রহী সরকারি টিচার্স ট্রেনিং কলেজ/নায়েম/এইচ.এস.টি.টি.আই/বি.এম.টি.টি.আইসহ সরকারি কলেজে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ২১/০৯/২০১৭ খ্রি. এর মধ্যে ই-মেইল adtraining@dshe@gmail.com এ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, যে সকল শিক্ষক ইতোপূর্বে মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

ছক

ক্রমিক নং	নাম, আইডি, পদবি ও কর্মস্থল	বিসিএস ব্যাচ	জন্ম তারিখ	মোবাইল নম্বর	পরিবারে কেউ অটিস্টিক সদস্য রয়েছে কি না?

বি.দ্র.:

- মনোবিজ্ঞান, সমাজকল্যাণ/সমাজকর্ম ও সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ের শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন।
- যে সকল শিক্ষকের সন্তানের/পরিবারে অটিজম ও এনডিডি সমস্যা রয়েছে তাঁরা অগ্রাধিকার পাবেন।
- একীভূত শিক্ষায় প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকগণ অগ্রাধিকার প্রাপ্য হবেন।

২২/৯/১৭

(মোঃ আবদুল মান্নান চৌধুরী)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-১)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ফোন: ৯৫৫০৬৬৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
২. অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল)।
৩. অধ্যক্ষ, বি.এম.টি.টি.আই, গাজীপুর।
৪. পরিচালক, এইচ.এস.টি.টি.আই (সকল)।
৫. পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাউশি অধিদপ্তর, ঢাকা।
৬. অফিস কপি।